চুয়াডাঙ্গা পুলিশ অফিস বার্ষিক পরিদর্শনে অতিরিক্ত ডিআইজি

চুয়াডাঙ্গা জেলা পুলিশ অফিস বার্ষিক এবং হিসাব শাখা ষান্মাসিক পরিদর্শন করেছেন খুলনা রেঞ্জের অতিরিক্ত ডিআইজি পিপিএম, অ্যাডিশনাল ডিআইজি (অপারেশনস্) মোঃ হাসানুজ্জামান।

খুলনা রেঞ্জের অতিরিক্ত ডিআইজি (অপারেশনস্) আজ সকাল দশটার সময় পুলিশ অফিস বার্ষিক এবং দুপুর দুইটার সময় হিসাব শাখা ষান্মাসিক পরিদর্শন করেন। এ সময় অতিরিক্ত ডিআইজি পুলিশ অফিস প্রাঙ্গণে জেলা পুলিশের একটি চৌকষ দল গার্ড অব অনার প্রদান করেন। পুলিশ অফিসে কর্মরত সকল পুলিশ-নন পুলিশ সদস্যদের সাথে মতবিনিময় করেন। সকলকে মনোযোগ সহকারে নিয়মিত দাপ্তরিক কার্যক্রম সম্পন্নসহ পেশাদারিত্বের সাথে পুলিশী সেবা প্রদানে আহব্বান জানান।

উক্ত পরিদর্শনে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) রিয়াজুল ইসলাম, ডিআইও-১, ডিএসবি আবু জিহাদ ফখরুল আলম খান, চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমান, অফিসার ইনচার্জ জেলা গোয়েন্দা শাখা ফেরদৌস ওয়াহিদ সহ জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার অফিসার ফোর্সগণ।

চুয়াডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় স্কুল ছাত্র রেজাউল নিহত; আহত-৫

চুয়াডাঙ্গা সদর উপজেলার চারমাইল বাজারে সড়ক দুর্ঘটনায় পাঁচজন আহত সহ নিহত হয়েছে আরও এক জন।

আজ রবিবার বিকাল সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা চার মাইল বাজারে এই

সড়ক দুর্ঘটনায় ঘটে। দুর্ঘটনায় নিহত হয়েছে পার্শ্ববর্তী এলাকার সোহরাওয়ার্দী স্মরণী বিদ্যাপীঠের নবম শ্রেণির ছাত্র রেজাউল ইসলাম (১৫) পিতা- মোঃ রনি আহমেদ সাং- হোগলডাঙ্গা থানা- চুয়াডাঙ্গা সদর। দুই ছেলের মধ্যে দুর্ঘটনায় নিহত বড় ছেলে রেজাউল ইসলাম।নিহত রেজাউল ইসলাম প্রতিদিনের ন্যায় স্কুল থেকে বাসার উদ্দেশ্য যাচ্ছিলো কিন্তু পথের মধ্যে ঘাতক ট্রাক তাকে চাঁপা দেন। ঘটনাস্থলে মৃত্যু হয় রেজাউল ইসলামের।

আহতদের মধ্যে চুয়াডাঙ্গা সদর উপজেলার চারজন ১। আনোয়ার হোসেন(৩৮) সাং- কোলনিপাড়া থানা- চুয়াডাঙ্গা সদর ২। সবুজ হোসেন(৩৯) সাং- ভান্ডারদহ থানা- চুয়াডাঙ্গা সদর ৩। বিল্লাল হোসেন(৪০) সাং- ঠাকুরপর থানা- চুয়াডাঙ্গা সদর ৪। আব্দুল গফুর(৫০) সাং- ডিঙ্গেদহ বাজার

চারমাইল দুর্ঘটনায় স্থলে উপস্থিত প্রতক্ষ্যদোষী খালিদ হাসান বলেন চুয়াডাঙ্গা থেকে ছেড়ে আসা ঝিনাইদহমুখী একটি ট্রাক প্রথমে একটি ভূসি বোঝায় করা আলমসাধুতে এসে ধাক্কা দেয় তারপর আটোতে ধাক্কা মারে এবং শেষে সাইকেলে থাকা সাইকেল আরোহী নিহত রেজাউল এর উপর ধাক্কা দেয়। আমরা এলাকাবাসী সাইকেল আরোহী রেজাউল ও অনান্য আহতদের নিয়ে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে জরুরি বিভাগে আনায়ন করি পরে হাসপাতালে নিয়ে এসে রেজাউল নামের ছেলেটিকে মৃত ঘোষণা করে এখানের ডাক্তার।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালে জরুরি বিভাগে দায়িত্বরত চিকিৎসক মেডিকেল অফিসার খালিদ হাসান বলেন, বিকাল সাড়ে চারটার পরে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পাঁচজন রোগী আসে। পাঁচজনের মধ্যে এক জন হাসপাতালে নিয়ে আসার আগেই মারা যান এবং বাকিদের চারজনের মধ্যে সকলের অবস্থা খারাপ আমরা আহতদের চিকিৎসার প্রদান করে করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করিয়েছে।

চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহাব্বুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।সরোজগঞ্জ পুলিশ ক্যাম্পের উপ-পরিদর্শক (এসআই) হারুন অর রশিদ জানান, রোববার বিকালে একটি দ্রুত গতির পণ্যবাহি ট্রাক (ঢাকা মেট্রো জ -১১৭৫৯৮) চুয়াডাঙ্গা থেকে ঝিনাদহের দিকে যাচ্ছিল। চার মাইল বাজারে পৌঁছে দ্রুত গতিতে ওভারটেক করতে যেয়ে নিয়ন্ত্রন হারিয়ে কয়েকটি অটো রিকশা ও পাখি ভ্যানকে ধাক্কা দিলে আরোহীরা গুরুতর আহত হন। এর পর বাইসাইকেল চালক স্কুল ছাত্র রেজাউল ইসলাম কে ধাক্কা দিলে গুরুতর আহত হন।

আহতদের উদ্ধার করে সদর হাসপাতালে নিলে জরুরী বিভাগের কর্তব্যরত চিকিৎসক রেজাউল ইসলাম কে মৃত ঘোষণা করেন। এ ঘটনায় ট্রাক ও চালকের সহকারীকে আটক করে পুলিশ হেফাজতে রাখা হয়েছে। আটক – রোকন উদ্দিন (২৫) আলমডাঙ্গার শাহজাহান আলীর ছেলে।

চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহাব্বুর রহমান জানান, ঘটনার পর চালক ঘাতক ট্রাক চালক পলাতক রয়েছে। চালকের সহকারীকে আটক করা হয়েছে। নিহতের মরদেহ সদর হাসপাতালের মর্গে রাখা আছে। এ বিষয়ে পরবর্তী আইনানুগ কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে বলে জানান এই অফিসার ইনচার্জ।

আলমডাঙ্গার গোকুলখালিতে ট্রাক-আলমসাধুর মুখোমুখি সংঘর্ষে যুবক নিহত

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় ট্রাক-আলমসাধুর মুখোমুখি সংঘর্ষে সুজিত মাঝি (৩২) নামের এক যুবক নিহত হয়েছে। দুর্ঘটনার পর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মীরা আহত ব্যাক্তিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

রবিবার সকাল সাড়ে ৯ টায় চুয়াডাঙ্গা-মেহেরপুর আঞ্চলিক মহাসড়কের উপজেলার গোকুলখালি এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত সুজিত মাঝি চুয়াডাঙ্গা সদর উপজেলার হাজরাহাটি গ্রামের মৃত রতন মাঝির ছেলে।

স্থানীয়রা জানান, রবিবার সকালে সুজিত আলমসাধু যোগে মেহেরপুরে মুদি দোকানের মালামাল নিয়ে যাচ্ছিলো। পথেই গোকুলখালি বাজার প্রাঙ্গণে পৌছালে বিপরীত দিক থেকে আসা ট্রাকে মুখোমুখি সংঘর্ষ হয়। নিহত সুজিত আলমসাধু গাড়ি থেকে ছিটতে রাস্তায় পড়ে গুরুত্বর আহত হয়। চুয়াডাঙ্গা সদর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে তাকে হাসপাতালে নিলে পথেই তিনি মারা যান।

নিহত সুজিত মাঝির মা বলেন, আমার ছেলে পেশায় আলমসাধু চালক। রবিবার

সকালে এক ব্যক্তির সঙ্গে মুদি মালামাল নিয়ে মেহেরপুরে যাচ্ছিল। বাড়ি থেকে যাওয়ার ঘন্টা-খানেক পর শুনতে পাই, ছেলে আর বেঁচে নেই।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালে জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. নুরজাহান খাতুন বলেন, পরিক্ষা-নিরিক্ষার পর তাকে মৃত ঘোষণা করা হয়। সুজিতের মাথাসহ শরীরের বিভিন্নস্থানে আঘাতপ্রাপ্ত হয়েছিল। হাসপাতালে আসার আগেই তার মৃত্যু হয়েছে।

আলমডাঙ্গা থানা পুলিশের পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথ বলেন, ঘটনার পর চালক ট্রাকটি নিয়ে পালিয়ে যায়। ঘটনাস্থল থেকে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মীরা আহত অবস্থায় সুজিতকে উদ্ধার করে সদর হাসপাতালে নিলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। পরবর্তী আইনগত বিষয়টি প্রক্রিয়াধীন।

২১ আগস্ট উপলক্ষে দামুড়হুদায় প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত

২১আগস্ট গেনেড হামলায় নিহত সকল শহীদদের স্মরণে যথাযোগ্য মর্যাদায় স্মরণ সভা ও কর্মসূচি বাস্তবায়নে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকেল সাড়ে ৫টার দিকে দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের আয়োজনে এই প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা গার্লস স্কুল এন্ড কলেজ চত্বরে প্রস্তুতিমূলক সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা পরিষদ চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সভাপতি মাহাফুজুর রহমান মঞ্জু। দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজী সহিদুল ইসলামের সণ্চালনায় এসময় অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আলি মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাবেক যুগ্ন সাধারণ সম্পাদক চেয়ারম্যান সোহরাব হোসেন, এসএএম জাকারিয়া আলম, আজিজুল হক আজিজ, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সিনিয়র সহসভাপতি চেয়ারম্যান

হযরত আলী, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, উপজেলা শ্রমিকলীগের সভাপতি হাজী আব্দুল কাদির, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস।

এসময় আরো উপস্থিত ছিলেন নতিপোতা ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোমিনুল হক মোমিন, নাটুদাহ ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক রেজাউল করিম, হাউলী ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন, জুড়ানপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবু তালেব, আওয়ামীলীগনেতা হাজী আমজাদ হোসেন, নুর আলম লাবলু, আবুল হাশেম, সিরাজুল ইসলাম, জোনাব আলী, শমশের আলী, ইমতিয়াজ হোসেন, ইউসুফ আলী ইছা, মোজাফফর হোসেন, কলম উদ্দীন, ইউপি সদস্য হাসান আলী, সামসুল ইসলাম, দামুড়হুদা উপজেলা যুবলীগ নেতা নিশান তরফদার, জামিরুল ইসলাম, রকিবুল হাসান, হেকমত আলী, শেখ হাফিজুর, উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকু, কলেজ ছাত্রলীগের আহ্বায়ক শাহীন মোল্লা, হাউলী ইউনিয়ন ছাত্রলীগের আহ্বায়ক রাসেল আহমেদ প্রমুখ।

আলমডাঙ্গায় টিনের চালা কেটে চুরির মূল হোতা আরাফাত গ্রেপ্তার

টিন কেটে চুরি সিন্ডিকেটের মূল হোতা কিশোর আরাফাতকে আটক করেছে পুলিশ। গতকাল শনিবার পৌর এলাকার কাছারি বাজার প্রাঙ্গণে এক মাদ্রাসার ভ্যানের ব্যাটারি চুরির সময় সে গণধোলাই শিকার হয়। একপর্যায়ে ওই কিশোরকে পুলিশে তুলে দেয় স্থানীয়রা।
কিশোর আরাফাত হোসেন (১৯) কালিদাসপুর ইউনিয়নের আসাননগর গ্রামের হাসান শেখের ছেলে।

পুলিশ ও স্থানীয়রা জানান, গত কয়েকদিন যাবৎ আবারো আলমডাঙ্গার বিভিন্ন অঞ্চলে টিনের চালা কেটে চুরির ঘটনা ঘটছে। এমন ঘটনায় অনেকে আতঙ্কিত হয়ে পড়েছে। দীর্ঘদিন ঘরের টিনের চালা কেটে চুরির ঘটনা সংগঠিত হয়নি। হঠাৎ এমন চুরির রহস্যের সৃষ্টি হয়।

ইতোপূর্বে গত ২ মাস পূর্বে টিন কেটে চুরির চোর চক্রের মূল হোতা আরাফাত দামুড়হুদা থানার এক উপ-পরিদর্শক (এসআই)র বাড়ি থেকে বাগানের লিচু বিক্রির টাকা চুরি করে হঠাৎ নিরুদ্দেশ হয়। তারপর থেকেই আলমডাঙ্গায় টিন কেটে চুরির তৎপরতা কমলেও কিশোর আরাফাতের মা পুলিশের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ তোলেন।

চোর চক্রের মূল হোতা আরাফাতের তথ্য মতে, গত কয়েক মাস যাবৎ কুষ্টিয়া পোড়াদহ স্টেশন থাকা শুরু করে আরাফাত। ওখানেই বিভিন্ন অঞ্চলের কিশোরদের যোগসাজশে আরো বড় চোর চক্রের সিন্ডিকেট গড়ে তোলে। সন্ধ্যার ট্রেনে আলমডাঙ্গা আসে চোরচক্রের সদস্যরা। দীর্ঘ সময় স্টেশনের অদূরে সিগনালের নিকট অবস্থান করে। রাত হলেই বেরিয়ে পড়ে চুরি করতে। রাত-ভোর চুরি করে আবারো মাঝ রাত কিংবা সকালের গোয়ালন্দ ট্রেন যোগে পোড়াদহ স্টেশনে পৌছাই তারা।

গতকাল শনিবার সকালে আলমডাঙ্গা পৌর এলাকার কাছারি বাজার প্রাঙ্গণের দারুস সুন্নাহ নুরানি মাদ্রাসা থেকে তিনটি পাখি ভ্যানের ব্যাটারি চুরি করে। ব্যাটারি তিনটি নিয়ে যাবার সময় স্থানীয়রা তাকে ধরে গণধোলাই শেষে পুলিশে সোর্পদ করে। এলাকাবাসীর উপস্থিতি টের পেয়ে আরাফাতের সঙ্গীরা পালিয়ে যায়। তার বিরুদ্ধে চুরি আইনে মামলা করেছে আলমডাঙ্গা থানাপুলিশ।

চুয়াডাঙ্গা সদর কোর্ট বার্ষিক পরিদর্শনে অতিরিক্ত ডিআইজি

চুয়াডাঙ্গা জেলা পুলিশের সদর কোর্ট বার্ষিক পরিদর্শন করেছেন খুলনা রেঞ্জের অতিরিক্ত ডিআইজি পিপিএম অ্যাডিশনাল ডিআইজি (অপারেশনস) মোঃ হাসানুজ্জামান। গতকাল শনিবার বিকাল সাড়ে চারটার সময় জেলা পুলিশের সদর কোর্ট বার্ষিক পরিদর্শন করেন তিনি।

পরিদর্শনকালে কোর্টে কর্মরত পুলিশ পরিদর্শকসহ উপস্থিত অন্যান্য পুলিশ অফিসার ও সদস্যদের কর্মপরিবেশ, হাজতখানা, মালখানা, আবাসন, লজিস্টিক, কল্যাণের পাশাপাশি নিজেদের উপর অর্পিত সরকারী দায়িত্ব ও কর্তব্য পালন এবং কোর্টের রেজিস্টার সমূহ যথাযথভাবে

রক্ষণাবেক্ষণ করার জন্য সকলকে দিকনির্দেশনা প্রদান করেন।

উক্ত পরিদর্শনে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন, চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমান, চুয়াডাঙ্গা কোর্ট পুলিশ পরিদর্শক মোঃ নাসির উদ্দিন মৃধা, পুলিশ পরিদর্শক সদর কোর্ট মোঃ মারুফ হোসেন চুয়াডাঙ্গাসহ পুলিশ কোর্টের অফিসার ও ফোর্সগণ।

দর্শনায় বিএনপির ৮ নেতাকর্মী আটক

দর্শনায় পুলিশের অভিযানে বহুল আলোচিত নাসিম সহ বিএনপির ৮ সক্রিয় নেতাকর্মীকে আটক করেছে পুলিশ। গত শুক্রবার রাতে দর্শনা থানাধীন এলাকার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে তাদেরকে আটক করে।

আটককৃত আসামীরা হলেন জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা পৌর এলাকার মেমনগর গ্রামের মৃত আব্দুর রহমানের ছেলে জেলা মৎস্যজীবী দলের যুগ্ন আহব্বায়ক ও দর্শনা পৌর বিএনপির সমন্বয় কমিটির সদস্য এবং দর্শনা সরকারী কলেজ ছাত্রদলের সাবেক ক্রীয়া সম্পাদক লুৎফর রহমান (৫১), দর্শনা মোবারকপাড়ার নজির আহম্মেদের ছেলে বিএনপির সক্রিয় সদস্য এবং তথ্য সরবরাহকারী নাসিম আহম্মেদ (৪০), দর্শনা ঈশ্বরচন্দ্রপুর গ্রামের মৃত আকবর আলীর ছেলে বিএনপির সক্রিয় সদস্য আমজাদ হোসেন (৫০), দর্শনা পুরাতন বাজারের মৃত তাঁরা চাঁদ মন্ডলের ছেলে পৌর যুবদলের আহব্বায়ক কমিটির সদস্য ইস্রাফিল হোসেন (৪৬), বলদিয়া গ্রামের মৃত সৈয়দ আলীর ছেলে বিএনপির সক্রিয় সদস্য আব্দুল মোতালেব (৪৮), চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের কুন্দিপুর গ্রামের মৃত আবু বক্কর সিদ্দিকের ছেলে ৫নং বেগমপুর ইউনিয়ন বিএনপির ৩নং ওয়ার্ডের সেক্রেটারী ইস্রাফিল (৫৯), একই গ্রামের গোলাম মোস্তফার ছেলে বিএনপির সক্রিয় সদস্য মোজাম্মেল হোসেন (৩৫), হিজলগাড়ি গ্রামের হাজী মীর লিয়াকত আলীর ছেলে বিএনপির সক্রিয় সদস্য মানিক মিয়াকে
(৪২) দর্শনা থানা পুলিশ তাদের নিজ,নিজ বাড়ি থেকে গ্রেফতার করেন।

তাদের বিরুদ্ধে থানার ১৫(৩)/২৫ডি বিশেষ ক্ষমতা আইন, ১৯৭৪; তৎসহ ৪/৬ বিস্ফোরক পদার্থ আইন ১৯০৮ ধারার সন্ধিগ্ধ আসামী হিসাবে গ্রেফতার করা হয়। যার মামলা নং-২৫।

দর্শনার গ্রীসনগরে বিয়ের গীত শুনতে নারী পুরুষের ঢল

চুয়াডাঙ্গা সদরের দর্শনা থানার তিতুদহ ইউনিয়নের গ্রীসনগর গ্রামে বিয়ের গীত শুনতে নারী পুরুষের ঢল নেমেছে।

জানাযায় গতকাল শনিবার দর্শনা থানার তিতুদহ ইউনিয়নের গ্রীসনগর গ্রামে একটি বিয়েরগীত শুনতে নারী পুরুষ সহ সব বয়সি মানুষের ব্যাপক উপস্হিতি লক্ষ করা গেছে। গ্রাম বাসিরা জানালেন আগেরদিন শুক্রবার গ্রীসনগর গ্রামের আসাদুল হকের ছেলে রুবেল হোসেন এর শুভ বিবাহ সম্পন্ন হয়। শুভ বিবাহ আরো আনন্দময় করতে শনিবার তার নিজ বাড়িতে আয়োজন করা হয়।

বিয়েরগীত পরিবেশনকারি চুয়াডাঙার সরোজগন্জের মহিদুল বৈয়াতি ও তার একটি দল। ছোট ছোট পুরুষ ছেলেরা মেয়েদের সাজে সজ্জিত হয়ে বাজনার তালে তালে নেচে গেয়ে বিয়েরগীত পরিবেশন করে ও বর কনেকে ফুল মালা মিস্টি মুখে দিয়ে আনন্দ উৎসবের সাথে বরণ করার কাজটি করেন। আসাদুল ইসলামের বাড়ি ভিন্ন ধর্মি অনুষ্ঠান দেখতে এলাকার সব বয়সি মানুষের ঢল নামে বলে বাড়ির লোকজন জানালেন। এ বিষয়ে অত্র ইউনিয়নের ভাইস চেয়ারম্যান মোঃ তসলিম উদ্দিন সাগর জানান মাটির গানের কদর যুগে যুগে ছিল আছে থাকবে।

দামুড়হুদা আঃ ওদুদ শাহ ডিগ্রী কলেজের বাংলা বিভাগের প্রভাষক মিজানুর রহমান মন্ডল বল্লেন বাংলা সংস্কৃতির একটি বড় অংশ আমাদের অন্চলের বিয়েরগীত, আগে বেশ দেখা যেত,, এখন নানা মত পথের কারনে প্রায় বিলুপ্ত। তাও এ ধরনের অনুষ্ঠানের আয়োজন হলে গ্রামের সব বয়সি মানুষ দল বেধে শুনতে ও দেখতে আসে। বাংলাদেশ টেলিভিশনের লোকসংগীত শিল্পী ধীরু বাউল জানালেন আমাদের দেশের এ সব গীত ও গান লোকসংস্কৃতির শেকড় ও আদি অংশ।যে সংস্কৃতি গুলো সরকারি

পৃষ্ঠপোশকতাার মাধ্যমে সংরক্ষন করা খ্বুই জরুরী,, তা না হলে বাংলা সংস্কৃতির মুল শ্রতধারা ধরে রাখা সম্ভব হবেনা।

আলমডাঙ্গা বাড়াদি ইউনিয়নে সামসুল আবেদিন খোকনের গণসংযোগ ও পথসভা

আলমডাঙ্গার বাড়াদি ইউনিয়নের বিভিন্ন গ্রামে জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান কেন্দ্রীয় যুবলীগের সাবেক প্রেসিডিয়াম সদস্য চুয়াডাঙ্গা-১ আসনে নৌকার মনোনয়ন প্রত্যাশি শেখ সামসুল আবেদীন খোকন মোটরসাইকেল শো-ডাউনের মাধ্যমে গণসংযোগ ও পথসভা করেছেন।

গতকাল শনিবার বিকেল ৪ টার দিকে ইউনিয়নের বাড়াদি, এনায়েতপুর, পোলতাডাঙ্গা, আঠারোখাদা ও নতিডাঙ্গায় এ গণসংযোগ ও পথ সভা করেন। এসময় তিনি প্রতিটি বাজারে উপস্থিত সাধারণ মানুষের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। পাশাপাশি প্রধানমন্ত্রী শেখ হাসিনার নৌকায় ভোট দিয়ে দেশকে এগিয়ে নেবার জন্য ভোট চান।

পোলতাডাঙ্গা বাজারে তিনি এক পথ সভায় বক্তব্যে বলেন, মাননীয় প্রধানমন্ত্রী গত ১৪ বছরে দেশের প্রতিটি গ্রাম-গঞ্জের রাস্তাঘাটের ব্যাপক উন্নতি করেছে। স্কুল কলেজের ভবন নির্মাণ করেছে। কৃষি খাতে ভর্তূকির মাধ্যমে কৃষকের সার বীজের ব্যবস্থা করেছে। পদ্মা সেতু, মেট্রো রেলসহ স্বাস্থ্য খাতে ব্যাপক উন্নয়ন করেছে। এসব দেখে বিএনপি-জামায়াত দেশে নানা চক্রান্ত ও ষড়যন্ত্র শুরু করেছে। এসব ষড়যন্ত্র ও চক্রান্ত দাঁত ভাঙা জবাব নিতে এবং উন্নয়নের ধারা অব্যাহত রাখতে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নৌকায় ভোট দিয়ে আবারো ক্ষমতায় আনতে হবে।

গণসংযোগ ও পথসভায় উপস্থিত ছিলেন কেন্দ্রীয় যুবলীগের নির্বাহি সদস্য মোস্তাফিজুর রহমান মাসুদ,জেলা কৃষকলীগের যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল্লাহ আল হোসাইন দীপক, সাবেক ছাত্রনেতা ও পৌর কাউন্সিলর আশরাফুল হক, আওয়ামীলীগ নেতা খাইরুল হোসেন, যুবলীগ

নেতা স্বপন, মাসুম বিল্লাহ, উপজেলা যুবলীগ নেতা রুবেল হোসেন, এসএম বাসার রিভেন, যুবলীগ নেতা শিপন বিশ্বাস, রনি, রিফাত, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগ নেতা ইমতিয়াজ নিপ্পন, আলমডাঙ্গা উপজেলা ছাত্রলীগ নেতা শাহরিয়ার তপু, শেখ শাকিল, তামিম, মিয়াদ, পৌর ছাত্রলীগ নেতা সাব্বিরুজ্জামান সাব্বির, তারেক, কলেজ ছাত্রলীগ নেতা আশিক, মাহিন, ইমন, টগর, বান্না, নাইম, হারদী ইউনিয়ন ছাত্রলীগ নেতারানা, নাফিজ, জনি, হাবিল, তানজিম, লিমন, অনিক, দিলদিল প্রমুখ।

চুয়াডাঙ্গায় এসএসসি পরিক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী ও শিক্ষকদের সংবর্ধনা

চুয়াডাঙ্গায় এসএসসি-২০২৩ এর জিপিএ-৫ প্রাপ্ত ১শ জন কৃর্তী শিক্ষার্থী ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৪২ জন গুণি শিক্ষককে সংবর্ধনা দেয়া হয়েছে। গতকাল শনিবার সকাল সাড়ে দশটায় ন্যাশনাল চিলড্রেন টাস্কফোর্স (এনসিটিএফ) চুয়াডাঙ্গা জেলা কমিটির আয়োজনে এ সংবর্ধনা অনুষ্ঠান হয়। অনুষ্ঠানে মিডিয়া পার্টনার হিসেবে ছিলো দৈনিক সময়ের সমীকরণ পত্রিকা।

আজ সকাল সাড়ে নয়টা থেকেই চেম্বার অব কর্মাস মিলনায়তনে আসতে শুরু করে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের কৃর্তী শিক্ষার্থীরা। সেই সাথে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সিনিয়র থেকে জুনিয়র ৪২ জন গুণী শিক্ষকের আগমন। একই স্থান যেন মেধাবী আর গুণীদের সমারোহে ভরা। বিশেষ করে কৃর্তী শিক্ষার্থী ও গুণিজন সম্মননা অনুষ্ঠানে অতিথিও যখন চুয়াডাঙ্গার কৃর্তী সন্তান প্রতিষ্ঠিত ব্যবসায়ী, গুণী শিক্ষক ও সমাজের দর্পণ স্বরুপ গণমাধ্যম ব্যক্তিরা তখন অনুষ্ঠান নিসন্দেহে দারুণ হবারই কথা।

এ আয়োজনে অনলাইন গুগল মিটের মাধ্যমে যুক্ত হয়ে অতিথি হিসেবে কৃর্তী শিক্ষার্থীদের উদ্দেশ্যে অনুপ্রেরণামূলক বক্তব্য রাখেন এনআরবি ওয়ার্ল্ডেও প্রেসিডেন্ট ও বাংলাদেশ বিজনেস চেম্বার অব

প্রত্যেকটা মানুষের মধ্যে একটা পাউয়ার (ক্ষমতা) আছে। কেউ কাজে লাগায়, কেউ লাগায় না। তোমরা যদি মনে করো, সে যদি পারে, আমি কেন পারবো না? নিজের মধ্যে লুকিয়ে থাকা সেই পাউয়ারকে কাজে লাগিয়ে পরিশ্রম করো, ঠিকই ফল পাবে। শুধু নিজের জন্য নয়, পরিবার, দেশ এবং জাতীর জন্য কাজ করার ইচ্ছা মনের মধ্যে থাকতে হবে। সেই ইচ্ছায় একদিন তোমাদেরকে সাফল্য এনে দেবে।

বাংলাদেশ সাংবাদিক সমিতি চুয়াডাঙ্গা জেলা ইউনিটের সাধারণ সম্পাদক বিপুল আশরাফ বলেন, আগামীতে তোমরাই দেশের নেতৃত্ব দিবে। সারা দেশের মধ্যে বিশেষ ভাবে চুয়াডাঙ্গাকে প্রতিষ্ঠিত করতে হবে। আধুনিক বিশ্বের সাথে তাল মিলিয়ে নিজেকে প্রতিষ্ঠিত করতে হবে।

অনুষ্ঠানে চুয়াডাঙ্গা জেলার চার উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ১০০ জন কৃর্তী শিক্ষার্থী ও ৪২ জন গুণি শিক্ষককের হাতে সম্মননা স্মারক তুলে দেন অতিথিরা।